১। কলেজের আইসিটি শিক্ষক ছাত্র/ছাত্রীদের সাথে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নিয়ে আলোচনা প্রসঙ্গে বলেন তোমরা এইচ এস সি পাশ করার পর বিশ্ব বিদ্যালয়ে ভর্তির তথ্যের জন্য তোমাদেরকে বিভিন্ন বিশ্ব বিদ্যালয়ে যাওয়ার প্রয়োজন নেই। তোমরা তোমাদের ল্যাপটপ কিংবা ইউনিয়ন তথ্য সেবা কেন্দ্রের মাধ্যমে ভর্তির তথ্যাদি পেতে পারবে এবং ভর্তির আবেদন ও ভর্তি সংক্রান্ত আনুষাঙ্গিক কাজকর্ম সম্পাদন করতে পারবে ।

ক) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কী ?

খ) কোন জীবকে শনাক্ত করনের জন্য নির্দিষ্ট কিছু বায়োলজিক্যাল ডাটা আবশ্যক - ব্যাখ্যা কর।

গ) বিশ্ব বিদ্যালয়ে ভর্তির তথ্য সংগ্রহের পদ্ধতিটির জন্য কী কী উপাদানের প্রয়োজন বিশ্লেষণ কর ।

ঘ) উদ্দীপকের প্রযুক্তির কল্যাণে বিশ্ববিদ্যালয়ে ভর্তির আনুষাঙ্গিক কাজকর্ম সম্পাদনে শ্রম,সময় ও অর্থ সাশ্রয় হয়েছে - যৌক্তিকতা বিশ্লেষন কর ।

কিবরিয়া স্যার

২। ফাহিমা গালের আচিঁল চিকিৎসার জন্য চর্মরোগ বিশেষজ্ঞ ডা: জামিল রেজার নিকট গেলেন। ডা: জামিল রেজা -৪৫° C তাপমাত্রা প্রয়োগ করে বিশেষ পদ্ধতিতে স্বল্প সময়ে গালের আচিঁল অপসারণ করেন । ডা: জামিল রেজা তাঁর অধীনস্থ শিক্ষানবীশ ডাক্তারগণকে প্রশিক্ষণকালে তাদের হাতে, পায়ে, মাথায় এবং চোখে বিশেষ ধরনের গ্লোবস ,জুতা , হেডসেট এবং চশমা পরিয়ে কোন রকম রোগির উপস্থিতি ছাড়াই বিভিন্ন রোগে অক্রান্ত রোগির উপস্থিতির বাস্তবতা অনুভব করানোর মাধ্যমে আনন্দের সাথে চিকিৎসা সেবায় অভিজ্ঞ করে তুলেন ।

ক) আউট সোর্সিং কী ?

খ) বাজারে না গিয়ে ঘরে বসেই নিত্য প্রযোজনীয় সামগ্রী কেনা বেঁচা সম্ভব- ব্যাখ্যা কর ।

গ) উদ্দীপকের আচিঁল চিকিৎসা পদ্ধতির উল্লেখযোগ্য সুবিধা গুলো লিখ ।

ঘ) উদ্দীপকের শিক্ষানবীশ ডাক্তারদের প্রশিক্ষণ পদ্ধতি বাস্তব জীবনে আর কোন কোন ক্ষেত্রে ব্যবহার করা সম্ভব - তোমার মতামত বিশ্লেষণ কর ।

৩। কলেজের শিক্ষা সফর বঙ্গবন্ধু নভোথিয়েটারে অনুষ্ঠিত হয়েছে । একাদশ শ্রেণির ছাত্র সফিক ও তার দুই বন্ধু আধুনিক প্রযুক্তি নির্ভর বিশেষ পদ্ধতি গ্রহন করে সৌরজগতের দৃশ্যাবলী অবলোকন করে মহাকাশে ভ্রমনরত একজন নভোচারীর ন্যায় রোমাঞ্চকর অনুভূতি অনুভব করল। সফিক ও তার ২ বন্ধু অন্য বন্ধুদের সাথে উক্ত অভিজ্ঞতা বিনিময় করলে সবুজ নামের অপর এক বন্ধু বলল, আরো অনেক প্রযুক্তি আছে যে গুলো দিয়ে মানুষের প্রতিকুল পরিবেশে সাধারন কাজ কর্ম করানোর পাশাপাশি ভূ-উপগ্রহ,ছায়াপথ,মঙ্গল গ্রহ প্রভৃতিতে মানুষ নিজে ভ্রমন না করে বিভিন্ন তথ্য গ্রহণ করে প্রকৃতির বিভিন্ন রহস্য উদঘাটন ও জ্ঞান অর্জন করে মানুষের কল্যাণ করতে সচেষ্ট হয়েছেন।

ক) বায়োমেট্রিক্স সিস্টেম কী ?

খ)"ঘরে বসে অনলাইনে কর্মসংস্থান সৃষ্টি বেকারত্ব দূরীকরণে আর্শিবাদ স্বরূপ" ব্যাখা কর।

গ) উদ্দীপকের আলোকে সফিকের রোমাঞ্চকর অনুভূতির বিশেষ পদ্ধতিটি বিশ্লেষণ কর।

ঘ) সবুজ নামের ছাত্রের উল্লেখিত প্রযুক্তিটি দৈনন্দিন জীবনে মানুষের কল্যানে ব্যবহৃত হচ্ছে- যৌক্তিকতা বিশ্লেষন কর।

৪। জনাব রহমান টিউমার রোগে আক্রান্ত হয়ে ক্যন্সার রোগ বিশেষজ্ঞ ডাক্তারের নিকট গেলে বিশেষজ্ঞ ডাক্তার প্রোব নামক এক ধরনের ফাঁপা যন্ত্র দিয়ে টিউমারের সংস্পর্সে তরল নাইট্রোজেন সঞ্চালন করে চিকিৎসা প্রদান

করেন । তিন বন্ধু ড্রাইভিং প্রশিক্ষন নেয়ার জন্য আবির টেকনিক্যাল প্রশিক্ষণ কেন্দ্রে গেলেন । প্রশিক্ষক তাদেরকে ড্রাইভিংয়ের কিছু দিকনির্দেশনা দিয়ে তাদের হাতে, পায়ে, মাথায় এবং চোখে আধুনিক প্রযুক্তি নির্ভর বিশেষ ধরনের কিছু যন্ত্রপাতি পরিয়ে চাকাবিহীন গাড়ি দিয়ে প্রশিক্ষণ দিয়ে অল্প সময়ে গাড়িচালনায় দক্ষ করে তুলেন ।

ক) ই- কমার্স কী?

খ) আজকাল ঘরে বসে'ই বড় বড় হোটেল,ট্রেন ও বিমানের সিট বুকিং দেয়া সম্ভব - ব্যাখ্যা কর ।

গ) রহমান সাহেবের চিকিৎসা পদ্ধতি কোন কোন রোগের জন্য প্রযোজ্য বিশ্লেষণ কর ।

ঘ) উদ্দীপকের ড্রাইভিং প্রশিক্ষণ পদ্ধতি দৈনন্দিন জীবনে আর কোন কোন ক্ষেত্রে ব্যবহার করা সম্ভব - তোমার মতামত বিশ্লেষণ কর ।

কিবরিয়া স্যার

৫। মি: শাহীন চৌধুরি একজন নামকরা শিল্পপতি। তিনি তার কারখানার নিরাপত্তার নিমিত্তে তথ্য প্রযুক্তি ব্যবহার করে মানুষের কতগুলো বৈশিষ্ট্যকে পাসওয়ার্ড হিসেবে ব্যবহার করেন। কম্পিউটার শিক্ষিকার ছোট মেয়ে টেলিভিশনে মানব আকৃতির কার্টুন দেখে তার মায়ের কাছে জিজ্ঞাসা করল মানুষটির চেহারা এমন কেন ? শিক্ষিকা তাকে বুঝাতে গিয়ে নিচের ছবি সম্বলিত একটি ভিডিও ফুটেজ দেখিয়ে বললেন,এটি মানুষেরমত কাজ করলেও প্রকৃত মানুষ নয় । তিনি আরো বললেন বর্তমানে অনুরূপ মানব দ্বারা অনেক জটিল কাজ করা হয় বিধায় বিশ্ব আজ আমাদের হাতের মুঠোয় ।



ক) বায়োইনফরমেট্রিক্স কি ?

খ) "বিশ্ব এখন হাতের মুঠোয়"কথাটি ব্যাখ্যা কর ।

গ) মি: শাহীন চৌধুরীর কারখানায় ব্যবহৃত প্রযুক্তির ব্যবহার ব্যাখ্যা কর।

ঘ) উদ্দীপকে উল্লেখিত মানব বাস্তব জীবনের বিভিন্ন ক্ষেত্রে সফল ভূমিকা রাখছে - বিশ্লেষণ কর।

৬। আমাদের দেশের দক্ষিনাঞ্চলে লবনাক্ততার জন্য প্রায় প্রতিবছরই ধান ক্ষেতের ব্যাপক ক্ষতি হয় ।এ অবস্থার উত্তোরনের জন্য বাংলাদেশ ধান গবেষনা ইনষ্টিটিউট লবন সহনীয় নতুন প্রজাতির একধরনের ধান আবিস্কার করেন। ধান ক্ষেতের পরিচর্যার জন্য কৃষকগণ কৃষিক্ষেতে বসেই বিশেষ পদ্ধতিতে ধানের চারা সরাসরি কৃষি গবেষককে দেখিয়ে বিভিন্ন পরামর্শ নিতে সক্ষম হচ্ছেন।

ক) হ্যাকিং কী ?

খ) বৈদেশিক মুদ্রা অর্জনের জন্য বিদেশে যাওয়া নিষ্প্রেয়োজন - ব্যাখ্যা কর ।

গ) উদ্দীপকে নতুন প্রজাতির ধান উদ্ভাবন পদ্ধদি সম্পর্কে বিশ্লেষণ কর ।

ঘ) কৃষি গবেষকদের পরামর্শ নেয়ার পদ্ধতিটি তথ্য প্রযুক্তির অন্যান্য পদ্ধতি হতে সুবিধাজনক -স্বপক্ষে তোমার মতামত বিশ্লেষণ কর ।

৭। কৃষি গবেষক মাহমুদ সাহেব উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত তথ্যপ্রযুক্তি মেলায় তার বক্তব্য উপস্থাপন কালে বলেন ,একটি বিশেষ প্রযুক্তির কল্যানে মানুষের চাহিদা মেটানোর উদ্দেশ্যে বিজ্ঞানীগণ উন্নত জাতের বীজ, ফসল,প্রানী ইত্যাদি সৃষ্টির পাশা পাশি জীবন রক্ষাকারী প্রতিষেদক তৈরি করতে পারছে। তাঁর বক্তব্য শেষ হলে

উপজেলা নির্বাহী কর্মকর্তা বলেন,মানুষের কতগুলো বৈশিষ্ট্যের ভিত্তিতে নিরাপত্তার ক্ষেত্রে অনঅনুমোদিত ব্যক্তির প্রবেশ নিয়ন্ত্রণ করা সম্ভব হয়েছে ।

ক) হ্যাকিং কী ?

খ) বিশেষ প্রযুক্তি ব্যবহার করে খাদ্যদ্রব্যের মান নিয়ন্ত্রণ সম্ভব - ব্যাখ্যা কর ।

গ) উদ্দীপকের আলোকে মাহমুদ সাহেবের প্রযুক্তিটি বিশ্লেষণ কর ।

ঘ) নিরাপত্তার ক্ষেত্রে উপজেলা নিবার্হী কর্মকর্তার প্রযুক্তিটি অত্যন্ত ফলপ্রসু বিশ্লেষণ পূর্বক মতামত দাও

কিবরিয়া স্যার

৮। কৃষি গবেষক ড. ফয়সাল আবিস্কৃত বীজ চাষ করে একজন কৃষক পূর্বের ফলনের চেয়ে অধিক ফলন ঘরে তুলল। ড. ফয়সাল একবার ব্রেণ টিউমারে আক্রান্ত হন এবং চিকিৎসকের শরণাপন্ন হন। ডা. জামিল ও তাঁর দল অপারেশনের পূর্বে বিশেষ ধরণের হেলমেট পরে কম্পিউটার নিয়ন্ত্রিত প্রযুক্তির মাধ্যমে অভিজ্ঞতা অর্জন করে সফল অস্ত্রোপাচার সম্পন্ন করেন। এই ধরণের জটিল ব্রেণ টিউমার অপারেশন এ দেশে এর আগে আর হয়নি।

ক. ন্যানোটেকনোলজি কী? ১

খ. বায়োইনফারম্যাটিক্সে ব্যবহৃত ডেটা কী? ব্যাখ্যা কর। ২

গ. ড. ফয়সালের গবেষণায় কোন ধরণের প্রযুক্তি ব্যবহৃত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. ডা. জামিলের কার্যক্রমের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৯। সাভারের রানা প্লাজা ধসে বহু নিহত ব্যক্তির লাশ স্বজনরা সনাক্ত করতে পারছিল না। পরবর্তীতে বিশেষ প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে লাশ সনাক্ত করা সম্ভব হয়েছিল। সে সময়ে বাংলাদেশের বিভিন্ন মিডিয়া নিহত ব্যক্তির স্বজনদের সাথে মত বিনিময় বা কথপোকথনের সময় কখনও ফোনে শুধু কথা বলেছে আবার কখনও কখনও ছবিসহ কথা বলেছে।

ক) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কাকে বলে?

খ) “প্রযুক্তি ব্যবহার করে কৃত্রিম পরিবেশে নিরাপদে ড্রাইভিং প্রশিক্ষণ সম্ভব”-ব্যাখ্যা কর।

গ) উদ্দীপকে ব্যক্তি সনাক্তকরণের জন্য ব্যবহৃত পদ্ধতি কোনটি-ব্যাখ্যা কর।

ঘ) মিডিয়ার ব্যবহৃত প্রযুক্তিদ্বয়ের মধ্যে কোনটিকে তুমি বেশি প্রাধান্য দিবে?-যুক্তি সহকারে মতামত বিশ্লেষণ কর।

১০। মেজর রাহাত সমরাস্ত্র কারখানায় প্রবেশের সময় আঙ্গুলের ছাপ দিয়ে প্রবেশ করেন। কারখানার কোন কোন কক্ষে প্রবেশের সময় সেন্সরের দিকে তাকানোর ফলে দরজা খুলে যায়। একদিন তিনি চিকিৎসকের কাছে হাতের আঁচিলের জন্য গেলে চিকিৎসক তাকে অতি শীতল তাপমাত্রায় রক্তপাতহীন এক অপারেশন করলেন। অল্প সময়ের মধ্যেই তিনি বাসায় ফিরে গেলেন।

ক) বিশ্বগ্রাম কি?

খ) “ঘরে বসে ডাক্তারের চিকিৎসা গ্রহণ করা যায়।“ - ব্যাখ্যা কর।

গ) মেজর রাহাতের চিকিৎসায় চিকিৎসক কোন পদ্ধতি ব্যবহার করলেন।

ঘ) সমরাস্ত্র কারখানায় প্রবেশের জন্য ব্যবহৃত কোন পদ্ধতিটি বেশি জনপ্রিয় ? কারনসহ ব্যাখ্যা কর।

১১. সাব্বির ও আসিফ দুই বন্ধু। পড়াশুনা শেষ করে সাব্বির নিজে একটি ব্যবসা শুরু করল। ব্যবসার পন্য সামগ্রী ক্রয়-বিক্রয় ও অন্যান্য ব্যবসায়িক কর্মকাণ্ড পরিচালনার জন্য নিজস্ব ওয়েবসাইট ও ই-মেইল একাউন্ট খুলে পণ্য-দ্রব্যের বিজ্ঞাপন দিয়ে অল্প সময়ে সে ব্যবসায় উন্নতি ও খ্যাতি অর্জন করে। অপর দিকে আসিফ চাকুরি না পেয়ে দীর্ঘদিন বেকার থেকে অবশেষে তার বন্ধুর পরামর্শে স্থানীয় যুব-উন্নয়ন কেন্দ্র থেকে কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণ নিয়ে ঘরে বসে বিশেষ পদ্ধতিতে বৈদেশিক মুদ্রা অর্জন করে অর্থনৈতিক ভাবে স্বাবলম্বী হয়েছে। আসিফের সফলতায় অনুপ্রাণিত হয়ে আশেপাশের বেকার যুবকরা আসিফকে অনুসরণ করতে আগ্রহী হলো।

ক. ক্রায়োসার্জারী কী?

খ. "আজকাল ঘরে বসে কেনাকাটা অধিকতর সুবিধাজনক" - ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকের আলোকে সাব্বিরের ব্যবসায়িক কর্মকাণ্ড ব্যাখ্যা কর।

ঘ. "বাংলাদেশের যুব সমাজের বেকারত্ব দূরীকরণে আসিফ অনুকরণীয় দৃষ্টান্ত" - উক্তিটির যৌক্তিকতা বিশ্লেষণ কর।

১২. এম.এসসি পাশ করার পর শফিক একদিন তার সহপাঠি শাহিনের কলাবাগানের বাসায় যায়। উচ্চতর ডিগ্রী অর্জনের জন্য সে জাপানের নাগাসাকি বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে চায়। ভর্তি সংক্রান্ত তথ্যাবলী সে শাহীনের ল্যাপটপ থেকে মোবাইলে নিয়ে নেয়। উল্লেখ্য যে, শফিকের মোবাইলটি ইন্টারনেট সাপোর্ট করেনা। শফিক পত্রিকায় পড়ল যে, বড়পুকুরিয়া কয়লা খনিতে কাজ করার সময় কয়েকজন শ্রমিকের প্রাণহানি ঘটেছে। সে শাহিনের বাসা থেকে স্বল্প দূরত্ব অতিক্রমের পথে বারটি পয়েন্টে ট্রাফিক সিগন্যালে আটকা পড়ে। এসব সমস্যা সমাধানে সে প্রোগ্রাম নিয়ন্ত্রিত কম্পিউটার নির্ভর যন্ত্রের কথা চিন্তা করল। তখন সে উক্ত প্রযুক্তি সংক্রান্ত বিষয়ে উচ্চতর ডিগ্রী অর্জন করে দেশের কল্যাণে কাজ করার সিদ্ধান্ত নেয়।

ক. আউট সোর্সিং কী?

খ. "হ্যান্ড জিয়োমেট্রি ব্যবহার করে মানুষকে অদ্বিতীয়ভাবে চিহ্নিত করা যায়"-ব্যাখ্যা কর।

গ. শফিক কোন পদ্ধতি অবলম্বন করে ডেটা গ্রহণ করেছিল? ব্যাখ্যা কর।

ঘ. শফিকের উচ্চতর ডিগ্রী অর্জনে বিষয় নির্বাচনের সিদ্ধান্ত কতুটকু যৌক্তিক? বিশ্লেষণপূর্বক মতামত দাও।

১৩. রহিম গ্রাম থেকে ঢাকায় আসে। বন্ধু করিম তাকে নিয়ে একটি বহুজাতিক কোম্পানিতে যায়। সেখানে প্রবেশের জন্য আঙ্গুল ব্যবহৃত হয়। এরপর তারা একটি হাসপাতালে গিয়ে দেখল সেখানে স্প্রে করে শৈল্য চিকিৎসা দেওয়া হচ্ছে। তারপর তারা শিশুপার্কে গিয়ে বিশেষ ধরনের হেলমেট ও চশমা পড়ে অনেকক্ষণ মজা করে ড্রাইভিং করে।

ক. তথ্য প্রযুক্তি কী?

খ. ডায়াবেটিস রোগীদের চিকিৎসার জন্য তথ্য প্রযুক্তির ভূমিকা ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকে শিশুপার্কে ব্যবহৃত প্রযুক্তিটি ব্যাখ্যা কর।

ঘ. উদ্দীপকে বহুজাতিক কোম্পানির অফিস ও হাসপাতালে ব্যবহৃত প্রযুক্তি দুটির মধ্যে বহুল ব্যবহৃত প্রযুক্তি কোনটি- মতামত দাও।

১৪. ড. চৌধুরী তার ল্যাবরেটরী কক্ষে আঙ্গুলের ছাপ দিয়ে প্রবেশ করেন। একই ল্যাবরেটরীর অন্য কক্ষে প্রবেশ করার সময় সেন্সরের দিকে তাকানোর ফলে দরজা খুলে যায়। একদিন তিনি চিকিৎসকের নিকট গালের আঁচিল অপারেশনের জন্য গেলেন। চিকিৎসক তাকে স্বল্প সময়ে $-40^0C$ তাপমাত্রায় রক্তপাতহীন অপারেশন করলেন। তৎক্ষণাৎ তিনি তার ল্যাবরেটরীতে ফিরে এসে কাজ শুরু করলেন।

ক. ভিডিও কনফারেন্সিং কি?

খ. "ঘরে বসে ডাক্তারের চিকিৎসা গ্রহণ করা যায়"-ব্যাখ্যা কর।

গ. ড. চৌধুরীর চিকিৎসায় চিকিৎসক কোন পদ্ধতি ব্যবহার করলেন? ব্যাখ্যা কর।

ঘ. ড. চৌধুরীর ল্যাবরেটরীতে প্রবেশের প্রক্রিয়াদ্বয়ের মধ্যে কোনটি বহুল ব্যবহৃত? বিশ্লেষণপূর্বক মতামত দাও।

১৫. ড. মুগ্ধ তার ল্যাবরেটরী কক্ষে আঙ্গুলের চাপ দিয়ে প্রবেশ করেন। একই ল্যাবরেটরীর অন্য কক্ষে প্রবেশ করার সময় সেন্সরের দিকে তাকানোর ফলে দরজা খুলে গেল। একদিন তিনি বন্ধু চিকিৎসকের নিকট গালের আঁচিল অপারেশনের জন্য গেলেন। বন্ধু তাকে স্বল্প সময়ে $-20^0c$ তাপমাত্রায় রক্তপাতহীন অপারেশন করলেন। তৎক্ষনাৎ তিনি তার ল্যাবরেটরীতে ফিরে এসে কাজ শুরু করলেন।

ক. ভিডিও কনফারেন্সিং কি?

খ. 'ঘরে বসে ডাক্তারের চিকিৎসা গ্রহণ করা যায়'–ব্যাখ্যা কর।

গ. ড. মুগ্ধের চিকিৎসায় চিকিৎসক কোন পদ্ধতি ব্যবহার করলেন? ব্যাখ্যা কর।

ঘ. ড. মুগ্ধের ল্যাবরেটরীতে প্রবেশের প্রক্রিয়াদ্বয়ের মধ্যে কোনটি বহুল ব্যবহৃত? বিশ্লেষন পূর্বক মতামত দাও।

১৬. ইকবাল পড়াশুনা শেষ করে নিজে একটি ব্যবসা শুরু করল। ব্যবসায় পণ্য সামগ্রী ক্রয় বিক্রয় ও অন্যান্য ব্যবসায়িক কর্মকান্ড পরিচালনার জন্য নিজস্ব ওয়েবসাইট ও ই-মেইল একাউন্ট খুলে পণ্য-দ্রব্যের বিজ্ঞাপন দিয়ে অল্প সময়ে সে ব্যবসায় উন্নতি ও খ্যাতি অর্জন করে। অপর দিকে তার বন্ধু ইমরান চাকুরি না পেয়ে দীর্ঘদিন বেকার থেকে অবশেষে তার বন্ধুর পরামর্শে স্থানীয় যুব-উন্নয়ন কেন্দ্র থেকে কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণ নিয়ে ঘরে বসে বিশেষ পদ্ধতিতে বৈদেশিক মুদ্রা অর্জন করে অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হয়েছে। ইমরানের সফলতায় অনুপ্রাণিত হয়ে আশেপাশের বেকার যুবকরা আসিফকে অনুসরণ করতে আগ্রহী হলো।

ক. ভিডিও কনফারেন্সিং কী? ১

খ. "আজকাল ঘরে বসে কেনাকাটা অধিকতর সুবিধাজনক" - ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আলোকে ইকবালের ব্যবসায়িক কর্মকান্ড ব্যাখ্যা কর। ৩

ঘ. "বাংলাদেশের যুব সমাজের বেকারত্ব দূরীকরণে ইমরান অনুকরণীয় দৃষ্টান্ত"- উক্তিটির যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

১৭. শামীম বিশ্ববিদ্যালয়ে পড়াশুনা করে। সে তার পড়াশুনার প্রয়োজনে কম্পিউটার ব্যবহার করে। এছাড়া ইন্টারনেট ব্যবহার করে সে তার বিষয় সংশ্লিষ্ট নানা তথ্য ডাউনলোড করে। শামীম টার্মপেপার তৈরির কাজে ইন্টারনেটের সহায়তা নিয়ে থাকে তবে সে নিয়ম মেনে প্রতিটি তথ্যের উৎস উল্লেখ করে। অপরদিকে সবুজ কোনরূপ অনুমতি ছাড়াই লাইব্রেরির কম্পিউটার থেকে সংরক্ষিত বিভিন্ন ফাইল ও সফটওয়ার কপি করে নিয়ে যায় এমনকি ইন্টারনেটে প্রাপ্ত তথ্য কোনরূপ কৃতজ্ঞতা প্রকাশ ছাড়াই সে নিজের নামে প্রকাশ করে।

ক. বায়োমেট্রিক্স কী? ১

খ. শিক্ষাক্ষেত্রে অনলাইন লাইব্রেরীর ভূমিকা বুঝিয়ে লিখ। ২

গ. উদ্দীপকে বিথী কোন ক্ষেত্রে তথ্য প্রযুক্তি ব্যবহার করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. তথ্য প্রযুক্তির নৈতিকতার বিচারে বিথী ও সবুজের আচরণ সম্পূর্ণ বিপরীত- যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

কিবা.